



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
নান্দাইল, ময়মনসিংহ।  
[www.nandail.mymensingh.gov.bd](http://www.nandail.mymensingh.gov.bd)



স্মারক নং-০৫.৪৫.৬১৭২.০০০.৫৫.০০৭.২২.৪৫৯

তারিখ : ২০ আষাঢ় ১৪৩০  
০৪ জুলাই ২০২৩

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিট ব্যাপী ভিডিও চিত্র করার প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। অত্র উপজেলার সকল স্কুল কলেজ ও তদূর্ধ্ব পর্যায়ের ছাত্রছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

### প্রতিযোগিতার নিয়মাবলী:

- ১) ভিডিওটি প্রস্তুত করে পেনড্রাইভ বা মেইল লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল এর নিকট আগামী ১৬ জুলাই ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে ড্রাইভ লিংকের এক্সেস এর পাবলিক ভিউ থাকতে হবে। ই-মেইলঃ [unonandail@mopa.gov.bd](mailto:unonandail@mopa.gov.bd)
- ২) ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে।
- ৩) মোবাইলে ভিডিও ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে ১৬:০৯ অনুপাত ব্যবহার করতে হবে।
- ৪) ভিডিও ধারণের সময় ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করলে সুবিধাজনক হবে।
- ৫) ভিডিও ধারণের সময় সৃষ্ট অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) সম্পাদনার সময় বাদ দিতে হবে।
- ৬) ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে।
- ৭) কপিরাইট আছে এমন ভিডিও বা অডিও ব্যবহার করা থেকে বিরত থাকতে হবে।
- ৮) ভিডিও এর ব্যাপ্তি সর্বোচ্চ ০১ (এক) মিনিট হতে হবে।
- ৯) ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়।
- ১০) ভিডিও এর মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম ও মোবাইল নম্বর দিতে হবে।
- ১১) ভিডিও নির্মাণ সংক্রান্ত কোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে। যোগাযোগের নম্বরঃ ০১৭৫০-১৩৫৮৯২ (সহকারী প্রোগ্রামার), নান্দাইল, ময়মনসিংহ।

(মোহাম্মদ আবুল মনসুর)  
উপজেলা নির্বাহী অফিসার  
নান্দাইল, ময়মনসিংহ।

ফোন (অফিস) : ০২-৯৯৬৬৭৪৬৩৩

ই-মেইলঃ [unonandail@mopa.gov.bd](mailto:unonandail@mopa.gov.bd)